ভূমিকম্প বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের পাশে থাকার আশ্বাস তারেক রহমানের

সংগৃহীত ছবি

দেশের বিভিন্ন অঞ্চলে সংঘটিত শক্তিশালী ভূমিকম্পে ভবন ধস, আহত-নিহতের ঘটনা ও ব্যাপক ক্ষয়ক্ষতির খবরে গভীর শোক প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। শুক্রবার (২১ নভেম্বর) পাঠানো এক বার্তায় তিনি ক্ষতিগ্রস্ত মানুষের প্রতি সমবেদনা জানান এবং তাদের প্রতি সংহতি প্রকাশ করেন।

তারেক রহমান জানান, ঢাকাসহ বিভিন্ন জেলায় ভূমিকম্পে ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, মানুষ হতাহত হয়েছেন—এ সংবাদ অত্যন্ত মর্মান্তিক। এখন পর্যন্ত পাওয়া তথ্যে কয়েকজনের প্রাণহানি এবং বহু মানুষের আহত হওয়ার বিষয়টি গভীরভাবে ব্যথিত করেছে বলে তিনি উল্লেখ করেন।

বার্তায় তিনি বলেন, বড় ধরনের দুর্যোগে মানুষের জীবন রক্ষায় কার্যকর প্রস্তুতি ও পূর্ব সতর্কতার গুরুত্ব অপরিসীম। যথাযথ দুর্যোগ ব্যবস্থাপনা থাকলে ক্ষয়ক্ষতির পরিমাণ আরও কমানো সম্ভব হতো বলেও তিনি মন্তব্য করেন।

তিনি নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে তাদের ধৈর্য ধারণের শক্তি কামনা করেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। একই সঙ্গে তিনি আশাবাদ ব্যক্ত করেন—বাংলাদেশ অতীতের মতোই এই কঠিন পরিস্থিতি কাটিয়ে উঠতে সক্ষম হবে।

তারেক রহমান আরও জানান, বিএনপি সবসময় দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে ছিল এবং থাকবে। তিনি মহান আল্লাহর দরবারে দোয়া করেন যেন দেশকে এ ধরনের বিপর্যয় থেকে রক্ষা করা হয়।